



Co-funded by the Asylum,
Migration and Integration Fund
of the European Union

Progetto ICARE

Integration and Community Care for Asylum and Refugees in Emergency

SERVIZIO SANITARIO REGIONALE
EMILIA-ROMAGNA
Azienda Unità Sanitaria Locale della Romagna

প্রিয় অতিথি,

SARS-CoV-2 সংক্রমণের বিস্তার রোধ করতে যা কোভিড - ১৯ ভাইরাস সৃষ্টি করে তার জন্য জাতীয় স্বাস্থ্য পরিষেবা কর্তৃক আপনি কোয়ারেন্টাইনে বা বিচ্ছিন্ন থাকার জন্য আমাদের হোটেলে থাকার ব্যবস্থা করে দিয়েছে। এইখানে থাকার সময়, আপনাকে একটি বাথরুম সহ একটি রুম বরাদ্দ করা হয়েছে এবং ক্যান্টিন, চাদর, তোয়াল পরিবর্তন করার ব্যবস্থা দেওয়া হয়েছে। আপনি আপনার ডাক্তারের কাছ থেকে ফোন কল পাবেন যারা মহামারীবিদ্যা তত্ত্বাবধান এবং তদন্ত করেন এবং আপনার প্রয়োজনগুলি আরও ভালভাবে বোঝানোর জন্য দোবাসী ডাকা হবে।

কোভিড হোটেলের রুমে থাকার নিয়ম:

আপনি কোয়ারেন্টাইন বা বিচ্ছিন্ন থাকার সময়কালে নিম্নলিখিত আচরণগুলো মেনে চলতে অনুরোধ করা হচ্ছে:

1. আপনার রুম থেকে বের হওয়ার অনুমতি নেই। প্রয়োজন হলে রিসেপশনের সাথে কথা বলার জন্য আপনার রুমের টেলিফোন ব্যবহার করুন।
2. আপনার রুমে কেউ প্রবেশ করতে পারবে না তাই আপনাকে নিশ্চিত করতে হবে যে এটি পরিপাটি এবং পরিষ্কার রাখা হয়েছে। পরিষ্কার করার জন্য প্রয়োজনীয় জিনিসগুলো রুমে খুঁজুন।
3. পরিষ্কার চাদর এবং তোয়াল দরজার বাহিরে রেখে দেওয়া হবে। তখনি আপনি যে ব্যাগগুলি ঘরে পাবেন তার মধ্যে নোংরাগুলি রাখুন, ভালভাবে বন্ধ করুন এবং দরজার বাহিরে তা রেখে দিন। আপনি যেদিন বের হয়ে যাবেন সেদিনও এটি করুন।
4. বর্জ্য আপনি রুম থেকে খুঁজে ব্যাগে রাখা উচিত। ব্যাগটি ভালভাবে বন্ধ করুন এবং রুম এর বাহিরে রাখুন।
5. খাবার ঘরের বাইরে রেখে দেওয়া হয়। আপনার যদি কোনো খাবারের অ্যালার্জি থাকে বা আপনি যদি কিছু খাবার (পাস্তা, শুয়োরের মাংস) না খেতে চান তাহলে অনুগ্রহ করে রিসেপশনের টেলিফোন বা কর্মীদের দ্বারা জানান।
6. ঘরে ধূমপান বা মদ্য পানীয় গ্রহণ করা কঠোরভাবে নিষিদ্ধ।
7. ওয়াই-ফাই (wi-fi) বিনামূল্যে ব্যবহার করতে পারবেন।

আমরা আপনাকে অবহিত করছি যে, কোয়ারেন্টাইন বা বিচ্ছিন্নতার সময় রুম/ হোটেল থেকে বেরিয়ে যাওয়ার ক্ষেত্রে হোটেলের কর্মীরা পুলিশকে অবহিত করার জন্য অনুমোদিত।

থাকার সময় স্বাস্থ্য বিধি:

কোয়ারেন্টাইন এমন একটি সময় যখন আপনার যদি কোন উপসর্গ না থাকে তবুও আপনার অবশ্যই বিচ্ছিন্ন থাকতে হবে এবং সংক্রমণের ঝুঁকি এড়াতে কারণ সাথে যোগাযোগ করতে পারবেন না। আপনার কোন উপসর্গ নেই (কাশি, সর্দি, জ্বর, মাথাব্যথা ...) এর অর্থ এই নয় যে আপনি অসুস্থ এবং সংক্রামক নন। আপনি প্রকৃতপক্ষে কোভিড - ১৯ এর সংক্রামিত হয়েছেন যদিও আপনার মাঝে তার লক্ষণগুলো



Co-funded by the Asylum,
Migration and Integration Fund
of the European Union

Progetto ICARE

Integration and Community Care for Asylum and Refugees in Emergency

SERVIZIO SANITARIO REGIONALE
EMILIA-ROMAGNA
Azienda Unità Sanitaria Locale della Romagna

নেই বা আপনি অসুস্থ নন।

কোয়ারেন্টাইনের বর্তমান নিয়ম অনুযায়ী হোটেলে পৌঁছানোর পর প্রথম সোয়াব সরবরাহ করা হবে। প্রথম সোয়াবের পরে তা নেতিবাচক হলেও আপনাকে দশ দিন কোয়ারেন্টাইনে থাকতে হবে। দশম দিনের পর একটি নতুন সোয়াব করা হবে। যদি তা আবার ইতিবাচক হয় কোয়ারেন্টাইনে আরো ১০ দিন থাকতে হবে একটি নতুন সোয়াব কার্যকর করার জন্য অপেক্ষা করতে হবে।

আপনি যখন এই হোটেলে থাকবেন, তখন থার্মোমিটার ব্যবহার করে প্রতিদিন তাপমাত্রা পরীক্ষা করার পরামর্শ দেওয়া হচ্ছে। যদি আপনার কাছে এটি না থাকে, তাহলে অনুগ্রহ করে রিসেপশনকে ফোন করে জানান।

নিম্নলিখিত ক্ষেত্রে রিসেপশনকে জানান:

- আপনার জ্বর আছে (তাপমাত্রা 37 ডিগ্রির বেশি),
- আপনার কাশি আছে,
- আপনি পেশী ব্যথা অনুভব করছেন,
- আপনার মাথা ঘোরা বা মাইগ্রেন আছে,
- আপনার অন্ত্রের সমস্যা এবং ডায়রিয়া রয়েছে,
- আপনার শ্বাস নিতে কষ্ট হচ্ছে এবং বুকে ব্যথা হচ্ছে,
- আপনার অস্বাভাবিক ক্ষত এবং রক্তক্ষরণ হচ্ছে ;

ডাক্তারের প্রয়োজন হলে রিসেপশনকে জানান।

ছাড়ার পর :

যে ঘর এবং হোটেল থেকে আপনি আপনার কোয়ারেন্টাইন বা বিচ্ছিন্নতা কাটাচ্ছেন তা ছেড়ে দেওয়া কেবলমাত্র জনস্বাস্থ্য বিভাগের অফিসিয়াল নোটিশ পাওয়ার পরেই সম্ভব যা আপডেট হওয়া জাতীয় নির্দেশিকা অনুসরণ করে।

**সতর্কতা: কোন কারণ ছাড়া রুমে পুনরায় প্রবেশ বা থাকতে পারবেন না
প্রস্থান অনুমতি পাওয়ার পরে।**

আপনার সহযোগিতার জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই ।